

সরকারি কলেজে ক্লাস ফাঁকি ঠেকাতে এবার 'ঝটিকা অভিযান'

■ বিশেষ প্রতিনিধি
দেশের সরকারি কলেজগুলোতে শিক্ষকদের ক্লাস ফাঁকি ঠেকাতে এবার 'ঝটিকা অভিযান পরিচালনা' শুরু করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। এ জন্য একাধিক বিশেষ মনিটরিং টিম গঠন করে দেশজুড়ে বিভিন্ন কলেজে অভিযান পরিচালনা করা হচ্ছে। এরই মধ্যে দেশের ৯টি জেলায় টিম পাঠানো হয়েছে।

মাউশির মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুন সমকালকে বলেন, সরকারি কলেজগুলোতে নিয়মিত ক্লাস হচ্ছে কি-না, পাঠদানে কোনো সমস্যা আছে কি-না ও শিক্ষার্থীরা ক্লাসে নিয়মিত আসে কি-না- এসব বিষয় সরেজমিনে দেখার জন্যই এ টিমগুলো কাজ করছে। পর্যায়ক্রমে প্রতিটি জেলায় 'সরকারি কলেজে এসব টিম যাবে। তিনি বলেন, প্রতি তিন মাসে প্রতিটি কলেজে একবার করে মনিটরিং টিম যাবে। এতে শিক্ষকদের জবাবদিহিতা বাড়বে।

মাউশির সহকারী পরিচালক (কলেজ-২) কামাল উদ্দিন হায়দার সমকালকে বলেন, বর্তমানে ঢাকা, চট্টগ্রাম, যশোর, কুমিল্লা, রাজশাহী, মানিকগঞ্জ, জামালপুর, পটুয়াখালী ও রংপুরের বিভিন্ন সরকারি কলেজে এরই মধ্যে ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৮

সরকারি কলেজে ক্লাস

[তৃতীয় পৃষ্ঠার পর]

অভিযান চালানো হয়েছে। এ টিমগুলো ফিরে এলে বাকি জেলায় টিম যাবে। তিনি জানান, মনিটরিং টিমে মাউশির উপপরিচালক পদমর্যাদার কর্মকর্তারা নেতৃত্ব দিচ্ছেন। টিমের সদস্যরা শিক্ষক উপস্থিত আছেন কি-না, ক্লাস হচ্ছে কি-না- এমন নির্দিষ্ট ছকে সংশ্লিষ্ট কলেজের সব তথ্যাবলি তুলে আনিচ্ছেন। এরপর তারা মহাপরিচালককে রিপোর্ট দেবেন। রাজধানীর ঢাকা কলেজের বাংলা বিভাগের একজন শিক্ষিকা জানান, মনিটরিং টিমের অভিযানের তথ্য জেনে তারা সতর্ক হয়ে গেছেন। কলেজ দুটি না হওয়া পর্যন্ত বাড়িতে যান না।